বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মূখপাত্র/২০১১/১৭৪৭

তারিখঃ ১৩/০১/২০১৫ ইং

# প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর সভা কক্ষে অদ্য ১৩/০১/২০১৫ ইং তারিখে জনাব ফরহাদ আহমেদ, নির্বাহী পরিচালক এর International Organization of Securities Commissions (IOSCO) -তে Secondment Position -এ Enforcement and Co-operation Advisor পদে নিয়োগ প্রাপ্তি উপলক্ষে একটি সম্বর্ধনা সভা চেয়ারম্যান অধ্যাপক ড. এম খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিশনারগণ, নির্বাহী পরিচালকগণ, পরিচালকবৃন্দ, উপ-পরিচালকবৃন্দ এবং সহকারী পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

সম্বর্ধনা সভার আলোচনায় IOSCO এর A ক্যাটাগরীতে BSEC এর উন্নতি এবং এর ফলশ্রুতিতে বাংলাদেশের ভাবমূর্তি বর্হিবিশ্বে আন্তর্জাতিক মানে উন্নয়ন এবং এর ধারাবাহিকতায় জনাব ফরহাদ আহমেদ যোগ্য প্রার্থী হিসাবে আন্তর্জাতিক প্রতিযোগিতার মাধ্যমে এই পদে অধিষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। তিনি আন্তর্জাতিক প্রতিষ্ঠানে Secondment Position -এ কাজ করার মাধ্যমে দেশকে আরও উচ্চতায় নিয়ে যাবেন বলেও সভায় আশা প্রকাশ করা হয়। উল্লেখ্য জনাব ফরহাদ আহমেদ আগামী ১৯/০১/২০১৫ ইং তারিখে স্পেনের রাজধানী মাদ্রিদে অবস্থিত IOSCO এর প্রধান কার্যালয়ে যোগদান করবেন।

সম্বর্ধনা সভার শেষে জনাব ফরহাদ আহমেদ -কে ক্রেস্ট এবং ফুলেল শুভেচ্ছা জানানোর মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/০১/২০১৫

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd



কমিশনের নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ -কে IOSCO -তে Secondment Position-এ Enforcement and Co-operation Advisor পদে নিয়োগ প্রাপ্তি উপলক্ষ্যে চেয়ারম্যান মহোদয় ফুলেল শুভেচ্ছা জানান।



কমিশনের নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ -কে IOSCO -তে Secondment Position-এ Enforcement and Co-operation Advisor পদে নিয়োগ প্রাপ্তি উপলক্ষ্যে চেয়ারম্যান মহোদয় ক্রেস্ট প্রদান করছেন।



কমিশনের নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ -কে IOSCO -তে Secondment Position-এ Enforcement and Co-operation Advisor পদে নিয়োগ প্রাপ্তি উপলক্ষ্যে কমিশনের কর্মকর্তাবৃন্দ ফুলেল শুভেচ্ছা জানান।



কমিশনের নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ -কে IOSCO -তে Secondment Position-এ Enforcement and Co-operation Advisor পদে নিয়োগ প্রাপ্তি উপলক্ষ্যে কমিশনের কর্মকর্তাবৃন্দ ফুলেল শুভেচ্ছা জানান।

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র